



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ

প্রধান কার্যালয়

সেক্রেটারীজ ডিভিশন

৮, রাজউক অ্যাভিনিউ, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি

আইসিবি'র সম্মানিত শেয়ারমালিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আইসিবি'র ৪৫তম বার্ষিক সাধারণ সভা যথাসময়ে অনুষ্ঠানের বিষয়ে ইতোমধ্যে কাজ শুরু হয়েছে। এ লক্ষ্যে আইসিবি'র সম্মানিত শেয়ারমালিকগণকে তাঁদের স্ব-স্ব বিও অ্যাকাউন্টের ই-মেইল আইডি, মোবাইল নং, ব্যাংকের নাম, শাখার নাম, ব্যাংক অ্যাকাউন্ট নম্বর, রাউটিং নম্বর, ১২ ডিজিটের Electronic Tax Identification Number (e-TIN) এবং যোগাযোগের ঠিকানা সংক্রান্ত সঠিক তথ্য হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।

০২। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন ই-মেইল এর মাধ্যমে শেয়ারমালিকগণের স্ব-স্ব ই-মেইলে(E-mail) সফট কপি প্রেরণ করা হবে। করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবরোধে সরকারি নির্দেশনা মোতাবেক সামাজিক দূরত্ব নিশ্চিতকরণ, কাগজের সংস্পর্শ রোধকরণসহ সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্য বিধি পরিপালন এবং বিএসইসি'র ২০ জুন, ২০১৮ তারিখের নোটিফিকেশনের আলোকে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন শেয়ারমালিকগণের স্ব-স্ব ই-মেইল আইডিতে সফট কপি প্রেরণ করা হবে। এমতাবস্থায়, যে সকল শেয়ারমালিকগণ এখনও স্ব-স্ব বিও হিসাবে ই-মেইল (E-mail) আইডি দেননি, তাঁদেরকে অতি সত্বর ই-মেইল (E-mail) আইডি বিও হিসাবে অন্তর্ভুক্ত করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য, বার্ষিক প্রতিবেদনের সফট কপি আইসিবি'র ওয়েবসাইটেও প্রকাশ করা হবে।

০৩। এছাড়া, যে সকল শেয়ারমালিকগণ এখনও কাগজে শেয়ার ডিম্যাট করেননি তাঁদেরকে অবিলম্বে আইসিবি শেয়ারসমূহ ডিম্যাট করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। শেয়ারমালিকগণের বোনাস শেয়ারসমূহ স্ব-স্ব বিও হিসাবে ক্রেডিট করার জন্য তাঁদের বিও হিসাব নম্বর সরবরাহ করা প্রয়োজন। আরও উল্লেখ্য, যে সকল শেয়ারমালিক ইতোমধ্যে তাঁদের শেয়ার ডিম্যাট করেছেন তাঁদের বিও হিসাব নম্বর আইসিবিতে সরবরাহ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। বিষয়টি অতীব জরুরি।

(মোঃ রফিক উল্লাহ)

বোর্ড সচিব

ফোন নং-০২২২৩৩৩৩৩১৯

ই-মেইলঃ dgm_secretary@icb.gov.bd

তারিখঃ ঢাকা, ৩০.০৯.২০২১।